


দল, মত, জাতি, গোষ্ঠী, নারী, পুরুষ নির্বিশেষে এলাকার সকল মানুষের গ্রাম সংসদ সভায় উপস্থিত থাকা প্রয়োজন। নিজেদের সমস্যা ও চাহিদার কথা জানানো এবং গ্রাম পঞ্চায়েতের দ্বারা সংগঠিত সমস্ত কাজের হিসাব জানার জন্য গ্রাম সংসদ সভায় অংশগ্রহণ একান্ত জরুরি। এই সভা যেমন পঞ্চায়েতকে জনমুখী করে তোলে, তেমনিই জনগণকেও করে তোলে পঞ্চায়েতমুখী।



Designing and Printing by Span Communications

কোন কাজে হল  
খরচ কত  
কোথায় নতুন  
কী কাজ চাই  
জানতে এবং  
গ্রাম সংসদ  
সভায় যাই



পরিকল্পনা ও প্রকাশনা  
গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি-২ (ISGPP-II)  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

Follow us on | [Twitter](#) [Facebook](#) [Pinterest](#) [LinkedIn](#) [YouTube](#) [Google+](#)

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার  
গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি -২ (ISGPP-II)



গ্রাম পঞ্চায়েতের প্রতি নির্বাচন ক্ষেত্রে রয়েছে একটি করে গ্রাম সংসদ। নির্বাচন ক্ষেত্রের প্রত্যেক ভোটার সেই গ্রাম সংসদের সদস্য। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩-এর ১৬-ক ধারা অনুযায়ী প্রতি গ্রাম সংসদ এলাকার প্রত্যেক ভোটারকে নিয়ে বছরে দু'বার গ্রাম সংসদ সভা করা প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের পক্ষে বাধ্যতামূলক। মে মাসে হওয়া চাই বাৎসরিক গ্রাম সংসদ সভা এবং নভেম্বর মাসে ষাণ্মাসিক গ্রাম সংসদ সভা।



## গ্রাম সংসদ সভার মুখ্য আলোচ্যসূচি

মে মাসের বাৎসরিক সভার ক্ষেত্রে :

- বিগত বছরের সংশোধিত বাজেট
- বিগত এক বছরের আয়-ব্যয়ের হিসাব
- বিগত এক বছরের কাজ
- পরবর্তী আর্থিক বছরের সম্ভাব্য কাজ
- অন্যান্য

নভেম্বর মাসের ষাণ্মাসিক সভার ক্ষেত্রে :

- পরবর্তী আর্থিক বছরের বাজেট
- পরবর্তী আর্থিক বছরের পরিকল্পনা
- বিগত ছ-মাসের আয়-ব্যয়ের হিসাব
- গ্রাম পঞ্চায়েতের সর্বশেষ অডিট রিপোর্ট
- অন্যান্য

